

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০০(আগরতলা, ১৯।০২)
খোয়াই, ১৯ ফেব্রুয়ারি, ২০২০

খোয়াইয়ে স্বাস্থ্য শিবির

খোয়াই জেলা হাসপাতালের উদ্যোগে আজ খোয়াই ব্লকের পূর্ব গণকীস্থিত মুকুট কমিউনিটি হলে নন কমিউনিকেশন ডিজিজ (এন সি ডি) বিষয়ক এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১১০ জন রোগীকে চিকিৎসকগণ চিকিৎসা করে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ প্রদান করেন। এছাড়া রোগীদের মধ্য থেকে ৮০ জন রোগীর রক্তের নমুনা পরীক্ষা করা হয়। জেলা হাসপাতাল সুপার ডা: ধনঞ্জয় রিয়াং এতথ্য জানান।
